

## সৃষ্টি

খাম্বাজ -- চৌতাল

একরূপ, অ-রূপ-নাম-ধারণ, অতীত-আগামি-কাল-হীন,  
দেশহীন, সর্বহীন, 'নেতি নেতি' বিরাম যথায়।<sup>১</sup>  
সেথা হ'তে বহে কারণ ধারা  
ধরিয়ে বাসনা বেশ উজালা,  
গরজি গরজি উঠে তার বারি,  
'অহমহমিতি সর্বক্ষণ।।  
সে অপার ইচ্ছা-সাগরমাঝে,  
অযুত অনন্ত তরঙ্গ রাজে,  
কতই রূপ, কতই শক্তি,  
কত গতি স্থিতি, কে করে গণন।।  
কোটি চন্দ্র -- কোটি তপন  
লভিয়ে সেই সাগরে জনম,  
মহাঘোর রোলে ছাইল গগন,  
করি দশ দিক জ্যোতিমগন।।  
তাহে বসে<sup>২</sup> কত জড় জীব প্রাণী,  
সুখ দুঃখ জরা জনম মরণ,  
সেই সূর্য, তারি কিরণ; যেই সূর্য সেই কিরণ।।<sup>৩</sup>

<sup>১</sup> এক সত্তা, যাঁহার নাম রূপ বর্ণ কিছুই নাই, যিনি দেশকালের অতীত, যেখানে 'নেতি নেতি' বিচার শেষ হইয়াছে।

<sup>২</sup> পাঠান্তর -- ওঠে

<sup>৩</sup> তিনি সূর্য, কিরণজাল তাঁহারই; যিনি সূর্য, তিনিই কিরণ।